



Beats of My Heart

শারিকা ফুডস এন্ড আমানদালা লিমিটেডের শেয়ারের ৫০% ক্রয় করবে “লাভেলো”

শেয়ার বাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুসঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি তার সহযোগী প্রতিষ্ঠান শারিকা ফুডস এন্ড আমানদালা লিমিটেডের পরিশোধিত মূলধনের ৫০% এর সমপরিমাণ শেয়ার ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। শেয়ারহোল্ডারদের সম্মতি পেলে আমানদালা উক্ত পরিমাণ শেয়ার ক্রয়ের সিদ্ধান্ত কার্যকর করবে লাভেলো আইসক্রিম।

উল্লেখ্য যে, শারিকা ফুডস এন্ড আমানদালা লিমিটেড “আমানদালা” নামে ফ্রোজেন ফুডস বাজারজাত করবে। ফ্রোজেন ফুড শিল্পের বিকাশের অত্যন্ত সম্ভাবনার কথা বিবেচনা করে তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি-এর সহযোগী প্রতিষ্ঠান- শারিকা ফুডস এন্ড আমানদালা লিমিটেড ময়মনসিংহ জেলার ভালুকাতে প্রাথমিকভাবে দৈনিক চার মেট্রিক টন বিভিন্ন ধরনের ফ্রোজেন ফুডস তৈরীর ক্যাপাসিটি সমৃদ্ধ একটি কারখানা নির্মাণের উদ্যোগ নিয়েছে।

বাংলাদেশের মার্কেটে ফ্রোজেন ফুডস যেমন পরোটা, রুটি, চিকেন নাগেটস, মিটবল, ফিশবল, আলু পুরি, ডাল পুরি, পিংশ রোল, সামুচা, সিঙ্গারা ইত্যাদির চাহিদা দিন দিন বাড়ছে। তাছাড়া পৃথিবীর বিভিন্ন দেশে এর ব্যাপক চাহিদাও রয়েছে। ফ্রোজেন ফুডস বাজারজাত প্রক্রিয়াই ডিসট্রিবিশন কোস্ট ভ্যান ও ফ্রিজ উল্লেখযোগ্য লজিস্টিকস। সেক্ষেত্রে লাভেলো আইসক্রিমের ইতিমধ্যেই এই লজিস্টিকস বিদ্যমান। এজন্য আইসক্রিম ও ফ্রোজেন ফুডস ব্যবসা একে অপরের সহযোগী ব্যবসা বিধায় খুব সহজেই এ ব্যবসার সাফল্য আসবে বলে কোম্পানি মনে করছে। উপরোক্ত লাভেলো আইসক্রিমের অভিজ্ঞ সেলস ও মার্কেটিং টিম যা ইতিমধ্যেই ব্যাপক সফলতা পেয়েছে, সেটাকেও ফ্রোজেন ফুডসের কাজে লাগানোর জন্যেই লাভেলো শারিকা ফুডস এন্ড আমানদালা ৫০% শেয়ার ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। ভবিষ্যতে আমানদালাও পুজিবাজারে তালিকাভুক্ত করার কথা ভাবছে বলে কোম্পানি জানিয়েছে।

বাজারজাত করণের ক্ষেত্রে আমানদালা অভ্যন্তরীণ বাজার থেকে বৈশ্বিক বাজারকেই গুরুত্ব দিবে। আমানদালা ৭০% এর বেশি পণ্য যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও কানাডায় রপ্তানি করা হবে বলে কোম্পানীর পক্ষ থেকে জানানো হয়েছে।

4.5 inch x 2 Column